# বাংলাদেশ মিলিটারি একাডেমি উচ্চ বিদ্যালয়

## চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম ।



# বিদ্যালয় পরিচিতি

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পূর্ব পাশে চট্টগ্রাম ভাটিয়ারী এলাকায় পাহাড় ও সাগরের মাঝখানে এক অনিন্দ্য সুন্দর প্রাকৃতিক পরিবেশে বাংলাদেশ মিলিটারি একাডেমি উচ্চ বিদ্যালয়টি অবস্থিত।

বাংলাদেশ মিলিটারি একাডেমিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানেরা যেন অনায়াসে শিক্ষা লাভের সুযোগ পায়, সে উদ্দেশ্যে বিগত ১৯৮৫ সালের ১৯ জানুয়ারী এ বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। ১৯৮৭ সালে বিদ্যালয়টি নিম্ন মাধ্যমিক এবং ১৯৯১ সালে একটি পূর্ণাঙ্গ মাধ্যমিক বিদ্যালয় হিসেবে স্বীকৃতি লাভ করে। অতঃপর ১৯৯২ সাল থেকে এ বিদ্যালয় হতে ছাত্র-ছাত্রীরা নিয়মিত এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে আসছে। প্রতিষ্ঠা লগ্ন থেকে এসএসসি, জেএসসি, পিইসি প্রতিটি পরীক্ষায় এ বিদ্যালয়ের ফলাফল গৌরবোজ্জ্বল। প্রতি বছর এসব পরীক্ষায় অনেক মেধাবী ছাত্রছাত্রী বৃত্তি পেয়ে আসছে। ফলশ্রুতিতে মাধ্যমিক শিক্ষা বিস্তারে এটি এ এলাকায় জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত একটি দক্ষ ম্যানেজিং কমিটির মাধ্যমে বিদ্যালয়টি অত্যন্ত সুনামের সাথে পরিচালিত হয়ে আসছে। এ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা শিক্ষার পাশাপাশি ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকান্ডেও প্রশংসনীয় ভুমিকা পালন করে আসছে।